

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয়
www.shed.gov.bd

নং ৩৭.০০.০০০০.১১৮.০৮.০৯২.০০. ৭৩


তারিখ: ১৯ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ
০৩ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর এর স্কুল অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি এর সহকারী অধ্যাপক (কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং) জনাব এ.এস.এম মাহমুদুল হাসানকে অস্ট্রেলিয়ার Murdoch University-তে পিএইচ.ডি. প্রোগ্রামে অধ্যয়নের জন্য ১৭.২.২০২০ থেকে ১৬.২.২০২১ তারিখ এক বছর শিক্ষাছুটিসহ নিম্নে বর্ণিত শর্তে অস্ট্রেলিয়া ভ্রমণের অনুমতি প্রদান করা হলো:

- (ক) বর্ণিত প্রোগ্রামে যাবতীয় ব্যয় অস্ট্রেলিয়ার Murdoch Strategic Scholarship থেকে নির্বাহ করা হবে। এ বাবদ বাংলাদেশ সরকার বা বিশ্ববিদ্যালয়ের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
- (খ) বিশ্ববিদ্যালয় কর্তৃক তাঁর ছুটির বিষয়টি সুপারিশকৃত হওয়ায় সকল দায়দায়িত্ব বিশ্ববিদ্যালয়ের উপর বর্তাবে;
- (গ) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাঁর সঙ্গে প্রয়োজনীয় চুক্তি সম্পাদন করবে এবং মন্ত্রণালয়কে অবহিত করবে;
- (ঘ) তিনি ছুটিশেষে দেশে ফিরে কর্মস্থলে যোগদান করবেন এবং মন্ত্রণালয়কে অবহিত করবেন;
- (ঙ) তাঁর অনুপস্থিতিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম বিঘ্নিত না হওয়ার বিষয়টি বিশ্ববিদ্যালয় নিশ্চিত করবে;
- (চ) বোর্ড অব গভর্নরস কর্তৃক ছুটি অনুমোদনের কপি মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।


(নীলিমা আফরোজ)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭২১৮৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। উপাচার্য, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
- ৪। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। জনাব এ.এস.এম মাহমুদুল হাসান, সহকারী অধ্যাপক (কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং), স্কুল অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
- ৯। রেজিস্ট্রার, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
- ১০। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ১১। উপপরিচালক, বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ১২। সিনিয়র সিস্টেমস অ্যানালিস্ট, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
(আদেশটি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)